Date of Publication : 1st January, 2012 **Price : Rs. 2**

VOL-1, Issue 8 *Postal Registration No. : KOL RMS/42/2010-2012*
*For circulation to Subscribers only* RNI No.-WBBIL/2011/38613

# ব্রাহ্ম সম্মিলন বার্তা

## ব্রাহ্ম সম্মিলন সমাজ

১-এ, ডাঃ রাজেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২০

**Brahmo Sammilan Barta ❑ Brahmo Sammilan Samaj**

প্রথম [illegible] খ্যা জানুয়ারী ২০১২ পৌষ - মাঘ ১৪১৮

**নববর্ষ ২০১২ এবং**
**১৮২ তম মাঘোৎসব ১৪১৮**
**আপনার জীবনে নিয়ে আসুক**
**আনন্দ, প্রীতি, সুখ ও শান্তি।**
**ব্রাহ্ম সম্মিলন সমাজ**

—ঃ সূচীপত্র ঃ—

এ মাসের নিবেদন ঃ
নববর্ষ ও মাঘোৎসব — ১
স্মরণিকা — ২
সাপ্তাহিক উপাসনা ও স্মরণ — ২
২০১২ ফেব্রুয়ারী মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী — ২
শোক সংবাদ — ২
পারিবারিক ও অন্যান্য অনুষ্ঠান — ৩
কৃতজ্ঞতা স্বীকার — ৩
১৮২তম মাঘোৎসবের আহ্বান — ৪
১৮২তম মাঘোৎসবের অনুষ্ঠানসূচী (২০১২) — ৫
১৮২তম মাঘোৎসবের সূচনা — ৭
বিজ্ঞপ্তি ও বিশেষ জ্ঞাতব্য — ৭
বিশেষ বিজ্ঞপ্তি — ৮

**সমাজ কার্যালয়ে যোগাযোগের সময় ঃ**
প্রতিদিন সন্ধ্যা ৬-৩০টা থেকে ৮-৩০টা
Telephone No. (033)6450-0915
email :sammilanbarta@gmail.com

## এ মাসের নিবেদন

### নববর্ষ ও মাঘোৎসব

নববর্ষ কি? নানা জাতির নানা পঞ্জিকার ইহা একটি দিন যে দিনে মানবেরা নূতন উদ্যম ও পবিত্র সঙ্কল্প জীবনে জাগ্রত করিবার জন্য প্রতিজ্ঞা করে। কি সেই সঙ্কল্প? অপরের কল্যাণ কর্মই ঈশ্বরের প্রেম বিতরণের প্রধান উপায়। মানব সেবা অন্তরকে জাগ্রত ও শুদ্ধ করে। অন্তরের দীনতা ও মলিনতা মুক্ত করে। যে কয়েক বৎসর বাঁচিয়া থাকিব সে সময় ঈশ্বরের অসীম করুণা লাভের জন্য প্রার্থনা, আরাধনা ও ধ্যান করিয়া অন্যায় চিন্তা ও কর্ম হইতে বিরত থাকিতে হইবে।

অর্থ বিত্ত মান সম্মান ইত্যাদি পার্থিব বস্তু হইতে আসক্তি ত্যাগ করিতে হইবে। পার্থিব দেহের ও মনের চারিদিকে নিজ সৃষ্ট আবরণ শিথিল করিয়া মনকে মুক্তিদাতার পাদপ্রান্তে সঁপিয়া দিতে হইবে। যেন প্রতিদিনের প্রার্থনা হয় "অসতো মা সদ্‌গময়, তমসো মা জোতির্গময়, মৃত্যোর্মাহমৃতং গময়ঃ। আবীরাবীর্ম্ম এধি। রুদ্র যত্তে দক্ষিণং মুখং, তেন মাং পাহি নিত্যম্"।।

এবার ১৮২ তম মাঘোৎসব। ইহা শুধু গৃহ নির্মাণ বা ধর্ম চেতনার অনুশাসনের পরিবর্ত্তনের দিন নয়। ইহা নূতন আলোকে ভূষিত হইয়া জীবনকে নূতন ভাবে সত্যের পথে, আলোকের সাহায্যে অমৃতের পথে আত্মাকে লইবার শপথ ও দীক্ষা।

এক সর্বশক্তিমান, তেজোময়, অমৃতময় পুরুষ সকল জগতের কারণ ও আশ্রয়। এই উৎসব সেই পরমেশ্বরের উপর নিষ্ঠা ও ভক্তি রাখা এবং সব মানবাত্মা ও জীবাত্মার প্রতি ভালবাসা রাখিয়া তাহাদের হীতসাধন করা, সকল সময় সর্ব্বকর্মে তাঁহাকে স্মরণ রাখা ও তাঁহার মনন, চিন্তন ও আরাধনা করিয়া প্রতিদিনের কর্মে নিযুক্ত হওয়ার জন্য। আরাধনা ও অপরের সুখ ও হীতের মধ্যেই মানবজীবন বিকশিত হয়। ইহাও প্রার্থনার দ্বারা এই দিনে পুনরায় হৃদয়ঙ্গম করিতে হইবে।

## —ঃ পারিবারিক / অন্যান্য অনুষ্ঠান ঃ—

**সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ**

বিগত (ডিসেম্বর ২০১১) মাসের সাপ্তাহিক উপাসনার কার্যসূচী অনুযায়ী আচার্য লাবণ্যপ্রভা দাস, ডাঃ সুন্দরীমোহন দাস ও উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর স্মরণে শ্রদ্ধাঞ্জলী নিবেদন করা হয়। শ্রীরাজকুমার বর্মণ ও শ্রীমতী সুনন্দা চ্যাটার্জী যথাক্রমে প্রথম ও দ্বিতীয় রবিবার আচার্যের দায়িত্ব পালন করেন। সঙ্গীত পরিবেশন করেন প্রথম রবিবার শ্রীঅরীন্দ্রজিৎ সাহা এবং দ্বিতীয় রবিবার সর্বশ্রী/শ্রীমতী মধুশ্রী বন্দ্যোপাধ্যায়, শ্যামলী সেনগুপ্ত, অনুরমা ভট্টাচার্য, অনুলেখা বন্দ্যোপাধ্যায়, মৃদুলা বন্দ্যোপাধ্যায়, কস্তুরী চক্রবর্ত্তী, মৌসুমী চ্যাটার্জী, সুহিতা ভট্টাচার্য, অঞ্জনা দুহ, সুস্মিতা নাথ, বিজয়লক্ষ্মী দাস, লক্ষ্মী খাস্তগীর, শ্রীচন্দ্রা মুখার্জী, শিবানী জোয়ারদার, রুমা চ্যাট্যার্জী, খুকু রায়, মন্দার সেনগুপ্ত, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায় জহর ব্যানার্জী, অবন দাস, শঙ্কর প্রসাদ মিত্র, মলয় দাস।

**নবান্ন উৎসব ২০১১ ঃ**

বিগত ১৮ই ডিসেম্বর ২০১১ রবিবার সন্ধ্যায় নবান্ন - পুষ্প - ফলে - ফুলে সজ্জিত সমাজ মন্দিরে ঈশ্বরের অপরিসীম দান স্বীকার স্বরূপ কৃতজ্ঞতার ডালি নিবেদন করেন আচার্য শ্রীপ্রণব রায় এবং সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী অনন্যা চট্টোপাধ্যায়, রীণা দোলন গঙ্গোপাধ্যায়, জয়ন্তী নাথ, ইন্দ্রানী রায়, কস্তুরী চক্রবর্তী, মানসী চ্যাটার্জী, মিত্রা দেব, মৌসুমী চ্যাটার্জী, প্রণতি মজুমদার, অনুলেখা চ্যাটার্জী, সুদেষ্ণা ভট্টাচার্য্য, অঞ্জনা গুহ, নূপুর নন্দী, শুক্লা দাসগুপ্ত, সুরজিৎ ধর, মলয় দাস, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, তাপস কুণ্ডু ও সুমন মজুমদার, সঙ্গতে শ্রীপঞ্চানন বড়াল (মন্দিরা), শ্রীবীরেশ্বর ভৌমিক (তবলা)।

মন্দিরে সজ্জিত চাল ও গুড় প্রথা অনুযায়ী আচার্যকে ও অন্যান্য শাক - সব্জী ও ঋতুর বিভিন্ন তরকারী ও ফসল ব্রাহ্মসমাজ মহিলাভবনের সেবায় প্রদত্ত হয়। কমলালেবু নৈশ বিদ্যালয়ের শিশুদের প্রদান করা হয়। উপস্থিত ভক্তমণ্ডলীকে চা ও জলযোগে আপ্যায়িত করা হয়।

**খ্রীষ্ট জন্মোৎসব ২০১১, বর্ষবিদায় (২০১১) ও নববর্ষ (২০১২) আবাহন ঃ**

বিগত ২৫শে ডিসেম্বর ২০১১ রবিবার সন্ধ্যায় মহাত্মা যীশুখ্রীষ্টর স্মরণ অনুষ্ঠান এবং ২০১১ বর্ষবিদায় ও ২০১২ নববর্ষ আবাহন অনুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীঅনিরুদ্ধ রক্ষিত এবং সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী রীণা দোলন গঙ্গোপাধ্যায়, মনিদীপা ভট্টাচার্য, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায় ও শংকর প্রসাদ মিত্র। উপস্থিত ভক্তমণ্ডলীকে চা ও জলযোগে আপ্যায়িত করা হয়।

**সঙ্গত সভা ঃ**

বিগত ২০শে নভেম্বর ২০১১ রবিবার বিকেল ৫টায় সমাজের সভাকক্ষে শ্রীসঞ্জীব মুখার্জির পরিচালনায় প্রবীন ও নবীন আচার্যদের সঙ্গত সভা অনুষ্ঠিত হয়।

**এনগেজমেন্ট অনুষ্ঠান ঃ**

বিগত ৩রা ডিসেম্বর শনিবার সন্ধ্যা ৬ টায় শ্রীউদিত ধর ও শ্রীমতী তাপসী ধরের পুত্র শ্রীশান্তনু ধর এবং শ্রীতপন কুমার চ্যাটার্জী ও শ্রীমতী পুতুল চ্যাটার্জীর কন্যা শ্রীমতী তুলিকা চ্যাটার্জীর এনগেজমেন্ট অনুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীপ্রণব রায় এবং সঙ্গীত পরিবেশন করেন শ্রীমতী মানসী চ্যাটার্জী ও শ্রীদেবাশিস বোস।

---

## —ঃ কৃতজ্ঞতা স্বীকার ঃ—

**সাধারণ ফণ্ড ঃ** শ্রীমতী অনিন্দিতা সেন — ১০০০ টাকা (র/নং ২৬৫৮); শ্রীমতী নমিতা সরকার (প্রয়াতা রমা দাসের স্মৃতিতে (দুঃস্থ ছাত্র / ছাত্রীদের শিক্ষাখাতে ব্যয়ের উদ্দেশ্যে ) — ১০০০ টাকা (র/নং ২৬৫৫); শ্রীঅসিত কুমার দাস (প্রয়াতা মাতা রমা দাসের ইচ্ছানুযায়ী) দুঃস্থ ছাত্রছাত্রীদের শিক্ষাখাতে ব্যায়ের উদ্দেশ্যে) — ৫০০০ টাকা (র/নং ২৬৫৬); ডাঃ দীপঙ্কর দাসগুপ্ত — ৫২০০ টাকা (র/নং ২৬৫৭); শ্রীপ্রণব রায় — ৪০০ টাকা (র/নং ২৬৫৮);

**ওয়েলফেয়ার ফণ্ড ঃ** শ্রীমতী মঞ্জুলা দত্ত (প্রয়াতা শ্রীনন্দা দত্তগুপ্তের (সিংহ) স্মরণে প্রার্থনা সভা উপলক্ষে) — ১৫০ টাকা

